দৈনিক সংবাদ

তারিখ 18 MAY 1994
পৃষ্ঠা 7 কলাম ৬

50

আবর্তক মঞ্জুরি সম্পর্কে সরকারী নির্দেশ

# ধর্মঘটী শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা যাবে না

(নিজস্ব বার্তা পরিবেশক)

সরকার ধর্মঘটী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে '৯৩-৯৪ সালের আবর্তক মঞ্জুরি বিতরণ স্থগিত রেখেছে। গত ১২ই মে শিক্ষা মন্ত্রণালয় থেকে জারি করা এক সার্কুলারে ধর্মঘটী শিক্ষা প্রতিষ্ঠানে এ মঞ্জুরি বিতরণ না করার সিদ্ধান্ত ঘোষণা করে।

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা-সমূহে ১৯৯৩-৯৪ সালের জন্য মোট আট কোটি টাকা আবর্তক মঞ্জুরি বরাদ্দ করা হয়। এই মঞ্জুরি সরকারী অনুদানপ্রাপ্ত সকল বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান পাওয়ার কথা। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে ধর্মঘট পালনকারী শিক্ষা প্রতিষ্ঠানে এই মঞ্জুরি বিতরণ না করার নির্দেশ দেয়া হয়।

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি গতকাল মঙ্গলবার আবর্তক মঞ্জুরি বন্ধের এ সরকারী সিদ্ধান্তে ক্ষোভ ও নিন্দা প্রকাশ করেছে। গতকাল বিকেলে সংগঠনের কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় সমিতির নেতৃবৃন্দ বলেন, শতকরা ৯০ ভাগ বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীরা যেখানে ন্যায্য দাবি আদায়ের লক্ষ্যে সংগ্রামরত, সেখানে মঞ্জুরি বন্ধের পদক্ষেপ গ্রহণ করে শিক্ষক সমাজকে দমিয়ে রাখা যাবে না। বরং এ ধরনের হঠকারী সিদ্ধান্ত চলমান আন্দোলনকে আরো তীব্র করবে।

সমিতির প্রধান অধ্যক্ষ জহিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, অধ্যাপক মনসুরুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।